

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১১৫৯

৩২/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩২/২৪. বিভিন্ন এলাকা বিজয়ের মাধ্যমে ধনাত্য হওয়ার পর আনসারদের দেয়া বৃক্ষ ও ফলের উপহার মুহাজিরগণ কর্তৃক ফিরিয়ে দেয়া।

رد المهاجرين إلى الأنصار منائحهم من الشجر والثمر حين استغنوا عنها بالفتوح

আরবী

حديث أنس بن مَالِك رضي الله عنه، قَالَ: لَمَّا قَدِمَ الْمُهَاجِرُونَ الْمَدينَةَ مِنْ مَكَّةَ، وَلَيْسَ بِأَيْدِيهِمْ، يَعْني شَيْئًا؛ وَكَانَتِ الْأَنْصَارُ أَهْلَ الأَرْضِ وَالْعَقَارِ فَقَاسَمَهُمُ الْأَنْصَارُ عَلَى أَنْ يُعْطُوهُمْ ثِمَارَ أَمْوَالِهِمْ كُلَّ عَامٍ، وَيَكْفُوهُمُ الْعَمَلَ وَالْمَثُونَة؛ وَكَانَتْ أُمُّهُ، أُمُّ أَنَسٍ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهٍ وَسَلَّمْ عَذَاقًا، فَأَعْطَاهُنَّ النَّبِيُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُمُّ أَنْسٍ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهٍ وَسَلَّمَ أَمُّ أَيْمَنَ مَوْلاَتَهُ، أُمَّ أُسَامَة بْنِ عَلَيْهٍ وَسَلَّمَ عَذَاقًا، فَأَعْطَاهُنَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمْ أَهْلِ خَيْبَرَ، فَانْصَرَفَ إِلَى الْمَدينَةِ، وَسَلَّمَ لَمَّا فَرَغَ مِنْ قَتْلِ أَهْلِ خَيْبَرَ، فَانْصَرَفَ إِلَى الْمَدينَةِ، وَسَلَّمَ لَمَّا فَرَغَ مِنْ قَتْلِ أَهْلِ خَيْبَرَ، فَانْصَرَفَ إِلَى الْمَدينَةِ، رَدَّ النَّبِيُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَّ أَيْمَنَ مَوْ لَا اللهِ عَلَيْهِ وَسَلَّمَ أَمُ أَيْ مَنْ عَرْدَ النَّبِيُ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَلْمَ عَلَيْهِ وَسَلَّمَ أَمُ أَيْسَ مَنْ ثِمَارِهِمْ، فَرَدَّ النَّبِيُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى أُمْةِ عِذَاقَهَا، وَأَعْطَى رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُمَّ أَيْمَنَ مَنْ حَائِطِهِ وَسَلَّمَ أَمْ أَيْمَنَ مَنْ حَائِطِهِ

বাংলা

১১৫৯. আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মক্কাহ হতে মদীনাহ্ হিজরতের সময় মুহাজিরদের হাতে কোন কিছু ছিল না। অন্যদিকে আনসারগণ ছিলেন জমি ও ভূসম্পত্তির অধিকারী। তাই আনসারগণ এ শর্তে মুহাজিরদের সঙ্গে ভাগাভাগি করে নিলেন যে, প্রতি বছর তারা (মুহাজিররা)-এর উৎপন্ন ফল ও ফসলের একটা নির্দিষ্ট পরিমাণ তাদের (আনসারদের) দিবেন আর তারা এ কাজে শ্রম দিবে ও দায়-দায়িত্ব নিবে। আনাসের মা উম্মু সুলাইম (রাঃ) ছিলেন 'আবদুল্লাহ ইবনু আবূ ত্বলহার মা। আনাসের মা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে (ফল ভোগ করার জন্য) কয়েকটি খেজুর গাছ দিয়েছিলেন। আর নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম সেগুলো তাঁর আযাদকৃত বাদী 'উসমান ইবনু যায়দের মা উম্মু আয়মানকে দান করে দিয়েছিলেন। ইবনু শিহাব (রহঃ) বলেন, আনাস (রাঃ) আমাকে বলেছেন যে, নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম খায়বারে ইয়াভ্দীদের বিরুদ্ধে লড়াই শেষে মদীনায় ফিরে এলে মুহাজিরগণ আনসারদেরকে তাদের দানের সম্পত্তি ফিরিয়ে দিলেন:



যেগুলো ফল ও ফসল ভোগ করার জন্য তারা মুহাজিরদের দান করেছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ও তাঁর (আনাসের) মাকে তার খেজুর গাছগুলো ফিরিয়ে দিয়েছিলেন। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উম্মু আয়মানকে ঐ গাছগুলোর পরিবর্তে নিজ বাগানের কিছু অংশ দান করলেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৫১: হিবা এর ফাযীলাত এবং এর জন্য উদ্বুদ্ধ করা, অধ্যায় ৩৫, হাঃ ২৬৩০; মুসলিম, পর্ব ৩২ : জিহাদ, অধ্যায় ২৪, হাঃ ১৭৭১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন